

রেজিস্টার্ড নং ডি এ-১

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বৃহস্পতিবার, মে ৫, ২০১৬

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মহানগর দায়রা জজ এবং পদাধিকারবলে
মহানগর সিনিয়র স্পেশাল জজের কার্যালয়, ঢাকা।

বিজ্ঞপ্তি

যেহেতু, নিম্ন তফসিল বর্ণিত আপনি আসামী জনাব মোঃ সাইফুল ইসলাম (সোহাগ) এর বিরুদ্ধে
গ্রেফতারী পরোয়ানা জারি রহিয়াছে এবং,

যেহেতু, এই আদালতের বিশ্বাস করার যুক্তিসঙ্গত কারণ রহিয়াছে যে, আপনি পলাতক রহিয়াছেন এবং
আপনাকে গ্রেফতার বা আপনাদেরকে বিচারে সোপর্দকরণ এড়াইবার জন্য আত্মগোপন করিয়াছেন এবং
আপনাকে আশু গ্রেফতার করিয়া বিচারে সোপর্দ করার সম্ভাবনা নাই,

সেহেতু, ১৯৫৮ সনের ক্রিমিনাল 'ল' এমেন্ডমেন্ট অ্যাক্টের ৬(১এ) ধারার বিধান অনুসারে তফসিল বর্ণিত
মামলায় আপনাকে আগামী ১৯-৫-১৬ইং তারিখের মধ্যে অত্র আদালতে হাজির হওয়ার নির্দেশ দেওয়া গেল।

অন্যথায় আপনার অনুপস্থিতিতেই বিচারকার্য সম্পন্ন করা হইবে।

তফসিল

ক্রমিক নং	পলাতক আসামীর নাম ও ঠিকানা	মামলার নম্বর ও ধারা
(১)	জনাব মোঃ সাইফুল ইসলাম (সোহাগ), পিতা-মোঃ জুলহাস মিয়া, গ্রাম-বুড়ির পাড়, ডাকঘর-সুবিল, থানা-দেবিদ্বার, জেলা-কুমিল্লা।	মেট্রোঃ বিশেষ মামলা নং-৩৮৮/১৫ (বনানী (ডিএমপি) থানার মামলা নং-০৯, তারিখ-১১-১২-১৩ খ্রিঃ) ধারাঃ ৪০৬/৪২০/৪৬৭/৪৬৮/৪৭১/১০৯ দণ্ডবিধি।

মোঃ কামরুল হোসেন মোল্লা

মহানগর দায়রা জজ এবং পদাধিকারবলে
মহানগর সিনিয়র স্পেশাল জজ, ঢাকা।

মোঃ আব্দুল মালেক, উপপরিচালক, বাংলাদেশ সরকারি মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ আলমগীর হোসেন, উপপরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস,
তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd

(৬৫৮৫)

মূল্য : টাকা ৪.০০